

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭৩৬ ১৭/ ওয়ারিসী স্বত্ব বণ্টন (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৭/৮, হত্যাকারীর উত্তরাধিকার স্বত্ন

بَابِ مِيرَاثِ الْقَاتِل

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، وَمُحَمَّدُ بْنُ يَحْيَى، قَالاَ حَدَّتَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنِ الْحَسَنِ بْنِ صَالِح، عَنْ مُحَمَّد بْنِ سَعِيد، _ وَقَالَ مُحَمَّدُ بْنُ يَحْيَى عَنْ عُمْرَ بْنِ سَعِيد، _ عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، حَدَّتَنِي أَبِي، عَنْ جَدِي عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عَمْرِو بْنِ شُعَيْب، حَدَّتَنِي أَبِي، عَنْ جَدِي عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَامَ يَوْمَ فَتْحِ مَكَّةَ فَقَالَ " الْمَرْأَةُ تَرِثُ مِنْ دِيَةِ زَوْجِهَا وَمَالِهِ وَهُو يَرِثُ مِنْ دِيتِها وَمَالِها مَا لَمْ يَقْتُلْ أَحَدُهُمَا صَاحِبَهُ فَإِذَا قَتَلَ أَحَدُهُمَا صَاحِبَهُ عَمْدًا لَمْ يَرِثْ مِنْ دِيتِهِ " . دِيتِهِ وَمَالِهِ شَيْئًا وَإِنْ قَتَلَ أَحَدُهُمَا صَاحِبَهُ خَطَأً وَرِثَ مِنْ مَالِهِ وَلَمْ يَرِثْ مِنْ دِيتِهِ " .

বাংলা

২/২৭৩৬। আবদুল্লাহ ইবনে 'আমর (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন দাঁড়িয়ে বলেনঃ স্ত্রী তার স্বামীর দিয়াত ও পরিত্যক্ত সম্পদের ওয়ারিস হবে এবং স্বামী স্ত্রীর দিয়াত ও পরিত্যক্ত সম্পদের ওয়ারিস হবে, যদি না একজন অপরজনকে হত্যা করে। তাদের একজন অপরজনকে ইচ্ছাকৃতভাবে হত্যা করলে সে তার দিয়াত ও সম্পদ কিছুরই ওয়ারিস হবে না। অবশ্য একজন অপরজনকে ভুলবশত হত্যা করলে তার সম্পদের ওয়ারিস হবে কিন্তু দিয়াতের ওয়ারিস হবে না।

English

It was narrated from 'Abdullah bin 'Amr that the Messenger of Allah (ﷺ) stood up, on the day of the conquest of Makkah, and said:

"A woman inherits from the blood money and wealth of her husband, and he inherits from her blood money and wealth, so long as one of them did not kill the other. If one of them killed the other deliberately, then he or she inherits nothing from the blood money or wealth. If one of them killed the other by mistake, he or she inherits from the other's wealth, but not from the blood



money."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ৪৬৭৪, যইফ আল-জামি' ৫৯২৬।

তাহকীক আলবানীঃ বানোয়াট। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন সাঈদ (উমার বিন সাঈদ) সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪২৪৪, ২১/৩৬৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন